# কলেজ গ্রন্থাগার পত্রিকায় লেখা পাঠানোর সংক্ষিপ্ত নিয়মাবলী

- লেখার বিষয়বস্তু (Contributions) মৌলিক হতে হবে এবং ইতিপূর্বে কোথায়ও প্রকাশিত বা প্রকাশের জন্য প্রেরিত হয়নি এবং প্রকাশিত প্রবন্ধটির কপিরাইট একমাত্র 'পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির' এই মর্মে সম্পাদক মহাশয়কে সম্বোধন করে একটি চিঠি দিতে হবে।
- শিরোনাম (Title Page) : নিবন্ধের শিরোনাম (Title) এর নিচে লেখকের নাম, সম্বন্ধীকরণ (Affiliation) এবং যোগযোগকারীর ফোন নম্বর এবং ই-মেল ঠিকানা থাকা আবশ্যক (একাধিক লেখকের ক্ষেত্রেও প্রযোজ্য)।
- সংক্ষিপ্তসার (Abstract) : তথ্যপূর্ণ সংক্ষিপ্তসারটি (Informative Abstract) প্রায় ২০০-২৫০ শব্দসংখ্যার মধ্যে হতে হবে। স্ব-ব্যাখ্যানমূলক সংক্ষিপ্তসারটির (Abstract) উদ্দেশ্য, পদ্ধতি, ফলাফল এবং মৌলিকতা বা গুরুত্ব যথাযথভাবে উপস্থাপন করতে হবে।
- মুখ্যশব্দ (Keyword) : কমপক্ষে ছয় থেকে আটটি উপযুক্ত এবং সংক্ষিপ্ত মুখ্যশব্দকে কমাচিহ্ন দ্বারা পৃথক করতে হবে যা মূল বিষয়কে ব্যাখ্যা করবে। সংক্ষিপ্তসারের (Abstract) ঠিক অব্যবহিত পরেই মুখ্যশব্দগুলি বাংলা বর্ণানুক্রম মেনে সাজিয়ে লিখতে হবে।
- প্রযুক্তিগত প্রয়োজনীয়তা (Technical Requirement) :

(ক) প্রবন্ধটি অভ্র কি বোর্ড ব্যবহার করে চারিদিকে এক ইঞ্চি মার্জিন এবং দুটি লাইনের মধ্যে ১.২৫ জায়গা রেখে টাইপ করতে হবে অথবা পরিষ্কার হস্তাক্ষরে লিখতে হবে।

(খ) অভ্রতে শিরোনামের ফন্ট সাইজ ১৪ এবং লেখার ফন্ট সাইজ ১২ হতে হবে।

(গ) অভ্রতে টাইপ করা ওয়ার্ড ফাইল এবং পি ডি এফ ফাইল দুটোই পাঠাতে হবে ই-মেল করে। লেখা পাঠানোর ই-মেল ঠিকানা : collegelibrarybangla2023@gmail.com

- সম্পূর্ণ নিবন্ধের মধ্যে ব্যবহৃত রেফারেন্স বা উদ্ধৃতি (Reference/In text Citation) এ পি এ (আমেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশন) প্রদত্ত উদ্ধৃতি শৈলী মেনে দিতে হবে।
- প্রয়োজনে অ্যাপেনডিক্স (Appendices)-এ বাকী তথ্য দিতে হবে। শুধুমাত্র প্রাসঙ্গিক টেবিল অথবা চার্ট নিবন্ধের বিষয়বস্তুতে অন্তর্ভুক্ত হবে।
- শিরোনামের অনুক্রমের (Hierarchies) মধ্যে যে পার্থক্য আছে তা সংক্ষিপ্তভাবে শিরোনামগুলিকে নির্দেশ করবে। শিরোনাম (Heading), সাব হেডিং, সাব সাব হেডিংগুলিকে ইন্দো-আরবি সংখ্যায় দশমিক উপবিভাগে নির্দেশ করতে হবে। যেমন—৪.৪.৩, ৪.৩.১ ইত্যাদি)।
- প্রশ্নাবলী সংযুক্ত করতে হবে (যদি এটি ডেটা সংগ্রহ করার জন্য ব্যবহৃত হয়ে থাকে)
- Alignment : নামকরণ (Title Centre), শিরোনাম; সাব-হেডিং; টেবিলের শিরোনাম ও সংখ্যা এবং নিবন্ধের বিষয় যথার্থ এবং যুক্তিসংঙ্গত (Justified) হওয়া প্রয়োজন।
- সমস্ত সংখ্যা (Figures) (চার্ট, ডায়াগ্রাম, লাইনড্রিং ওয়েব পেজ/স্কিনশট এবং ফটোগ্রাফিক ছবিগুলি) উন্নতমানের এবং সাধারণ টেবিল রাখা আবশ্যক। সমস্ত টেবিল এবং পরিসংখ্যানগুলিকে ইন্দ-আরবীতে ক্রমানুযায়ী সংখ্যায়িত করতে হবে।
- রেফারেন্স (Reference) : প্রকাশিত লিটরেচার এর (Literature) রেফারেন্সগুলি আমেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশন (APA), ৬ষ্ঠ তম সংস্করণের প্রকাশনা ম্যানুয়াল যথাসম্ভব অনুসরণ করে উপস্থাপন করতে হবে। সমস্ত রেফারেন্সগুলিকে সম্পূর্ণভাবে, নির্ভুলভাবে এবং ধারাবাহিকভাবে ভালোভাবে পরীক্ষা করে নিতে হব।
- বিশদ বিবরণের জন্য https://wbcla.in/ এই ওয়েবসাইট দেখতে হবে।